



বাংলাদেশ হাইকমিশন  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পোর্ট লুই, মরিশাস

HIGH COMMISSION FOR  
THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
Port Louis, Mauritius



## সংবাদ বিজ্ঞপ্তি

### পোর্ট লুইসে মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন

২৬শে মার্চ, পোর্ট লুইস

যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশ হাইকমিশন স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন করেছে। এ উপলক্ষ্যে হাইকমিশন প্রাঙ্গণে সংক্ষিপ্ত আকারে একটি ইন-হাউজ অনুষ্ঠানের আয়োজন করা হয়। মরিশাসে স্থানীয়ভাবে কোভিড-১৯ পুনরায় ছড়িয়ে পড়ায় গত ১০ মার্চ, ২০২১ হতে ৩১ মার্চ, ২০২১ পর্যন্ত লক ডাউন ঘোষণা করায় দূতাবাসের নির্ধারিত অনুষ্ঠানটি স্থগিত করা হয়। উল্লেখ্য যে, মরিশাসের মহামান্য রাষ্ট্রপতি জনাব পৃথ্বীরাজসিং রূপণ এবং মাননীয় প্রধানমন্ত্রী জনাব প্রাভিন কুমার জগন্নাথ-সহ প্রায় দুই শতাধিক অতিথির উপস্থিতিতে কোডন আর্ট সেন্টার, পোর্ট লুইসে অনুষ্ঠানটি আয়োজন করার সকল প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছিল।

অনুষ্ঠান উপলক্ষ্যে সকালে মান্যবর হাইকমিশনার দূতাবাসের সকল কর্মকর্তাকে নিয়ে জাতীয় পতাকা উত্তোলন এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পামাল্য অর্পণ করেন। দিবসটি উপলক্ষ্যে হাইকমিশনের সকল কর্মকর্তা ও মরিশাস, সিশেলস এবং মাদাগাস্কারের প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণে একটি জুম মিটিংয়ের আয়োজন করা হয়। এ সময় দিবসটি উপলক্ষ্যে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণীসমূহ পাঠ করেন অত্র মিশনের কাউন্সেলর (শ্রম) ও প্রথমসচিব (পলিটিক্যাল)।

জুম মিটিংয়ে মান্যবর হাইকমিশনার রেজিনা আহমেদ, তাঁর বক্তব্যে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী ও স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা, স্বাধীনতা যুদ্ধের ৩০ লাখ শহিদ, সন্তান হারানো দুই লক্ষ মা-বোন এবং সকল বীর মুক্তিযোদ্ধার প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বঙ্গবন্ধুর কারাজীবনের উল্লেখ করে 'অসমাপ্ত আত্মজীবনী' থেকে পড়ে শোনান। তিনি বাংলাদেশের অগ্রগতির বিভিন্ন দিক তুলে ধরেন এবং উল্লেখ করেন যে, স্বাধীনতার ৫০ বৎসরের এই সুবর্ণ জয়ন্তীতে বলতে গর্ববোধ করছি যে, বঙ্গবন্ধুকে বিভিন্ন দেশ এবং আন্তর্জাতিক সংস্থা তাঁর অবদানের জন্য স্বীকৃতি প্রদান করেছেন। এ প্রেক্ষিতে তিনি বলেন যে, আপনারা জানেন মরিশাসসহ বিশ্বের ৫টি দেশ বঙ্গবন্ধুর নামে সড়ক, বাংলাদেশের স্বাধীনতায় তাঁর বিশেষ অবদান তথা সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক উত্তরণে অবদানের স্বীকৃতি হিসেবে গত ২২ মার্চ ভারত, বঙ্গবন্ধুকে ২০২০ সালের গান্ধী শান্তি পুরস্কারে ভূষিত করেছে, নাইজেরিয়া বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত করেছে, ইউনেস্কো ২০১৭ সালে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে তালিকাভুক্ত তথা বাংলাদেশ সরকারের সাথে একযোগে মুজিববর্ষ পালনের সিদ্ধান্ত গ্রহণ করে এবং ১৯৫টি দেশে তাঁরা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর অনুষ্ঠান উদযাপন করেছে। বঙ্গবন্ধুর প্রতি এ বিরল সম্মান যেমনি আমাদের দেশকে মহিমান্বিত করেছে, তেমনি বিদেশের মাটিতে আমাদেরকে মর্যাদার আসনে আসীন করেছে।

কোভিড-১৯ মহামারীর এ সময়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উপলক্ষ্যে হাইকমিশন কর্তৃক আয়োজিত এ কর্মসূচিতে মরিশাস, সিশেলস ও মাদাগাস্কার হতে যুক্ত হতে পেরে প্রবাসী বাংলাদেশীগণ অত্যন্ত গর্ববোধ করেন।

